



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশা/ ময়মনসিংহ-২৩৩/ ২৫৪২/৪

তারিখ : ০৭/০৩/২০১৮খ্রিঃ

বিষয় : অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে জনাব মোঃ মজিবুর রহমান মাস্টার এর পদ বাতিলকরণ প্রসঙ্গে।

- সূত্র : ১) নং- বামাশিবো/প্রশা/ ময়মনসিংহ-২৩৩/২৭৬১/৭; তারিখ : ১৭/১২/২০১৭খ্রিঃ
 ২) স্মারক নং- ০৫.৪৫.৬১০০.০২৩.০৬.০০১.১৭-৮৬০; তারিখঃ ০৭/১১/২০১৭খ্রিঃ
 ৩) নং- বামাশিবো/প্রশা/ ময়মনসিংহ-২৩৩/২৪৪/৪; তারিখ : ০৮/০৩/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার তারাকান্দা উপজেলাধীন তিলাটিয়া মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসার সুপার ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য কাগজপত্রসহ আবেদন করেন। অপরদিকে বিগত ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ রুহুল আমিন নির্ধারিত তারিখের মধ্যে যথাযথভাবে ম্যানেজিং কমিটি গঠন করতে ব্যর্থ হওয়ায় দাখিলকৃত কমিটি অনুমোদন না দেয়ার জন্য আবেদন করেন।

অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ-কে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ তদন্ত পূর্বক জেলা প্রশাসক, ময়মনসিংহ এর মাধ্যমে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করা হয়েছে। প্রতিবেদনে দেখা যায়, মাদ্রাসার কমিটি কর্তৃক ছাত্রদের নিকট হতে অতিরিক্ত ফি আদায় করা হচ্ছে এবং আনীত অভিযোগ সত্য মর্মে প্রমাণিত হয়েছে। এরূপ কার্যকলাপের কারণে সভাপতি ও মাদ্রাসার সুপারের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তদন্ত কর্মকর্তা কর্তৃক সুপারিশ করা হয়েছে।

তদন্ত কমিটির সুপারিশ অনুযায়ী কেন সভাপতির পদ বাতিলসহ মাদ্রাসার সুপারের বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না মর্মে সূত্রে উল্লিখিত ১নং স্মারকে সভাপতি ও সুপারকে কারণ দর্শানো পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে সভাপতি ও সুপার যে জবাব দাখিল করেছেন, তা সন্তোষজনক নয়।

বর্ণিত অবস্থায় তদন্ত কমিটির সুপারিশ অনুযায়ী বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর ৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/৫৮৭/৪/নথি নং-ময়মনসিংহ-২৩৩; তারিখঃ ১৮/০৫/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে জনাব মোঃ মজিবুর রহমান মাস্টার এর পদ এতদ্বারা বাতিল করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


০৫.০৩.১৮

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ জনাব মোঃ মজিবুর রহমান মাস্টার, বাতিলকৃত সভাপতি- ম্যানেজিং কমিটি
তিলাটিয়া মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর- গৌরীপুর, তারাকান্দা, ময়মনসিংহ।

নং- বামাশিবো/প্রশা/ ময়মনসিংহ-২৩৩/

তারিখ : /০৩/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

১. উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ।
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ।
৪. জনাব মোঃ রুহুল আমিন, সাবেক সভাপতি, ম্যানেজিং কমিটি, তিলাটিয়া মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসা, তারাকান্দা, ময়মনসিংহ।
৫. সুপার, তিলাটিয়া মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর- গৌরীপুর, তারাকান্দা, ময়মনসিংহ।
৬. সদস্যবৃন্দ, ম্যানেজিং কমিটি, তিলাটিয়া মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর- গৌরীপুর, তারাকান্দা, ময়মনসিংহ।
৭. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪